

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২১২. সবাইতো সুখী হতে চায়, কিন্তু,

যে পথে চললে সুখ পাওয়া যায় সে পথে কম লোকই চলে। সুখের পথ সম্বন্ধে তিনটি বিষয় নিয়ে আপনাকে ভেবে দেখতে হবে।

১. যে ব্যক্তি আল্লাহর সম্ভুষ্টিকে জীবনের প্রধান বিষয় বানায় না, সে অবশেষে ক্ষতিগ্রস্ত হয়ে শেষ হয়ে যাবে।

"আমি অচিরেই তাদেরকে ক্রমে ক্রমে শাস্তি দিয়ে এমনভাবে ধ্বংস করে ফেলব যে তারা টেরও পাবে না।" (৭-সূরা আল আ'রাফঃ আয়াত-১৮২)

২. সুখ লাভের আশায় মানুষেরা বিভিন্ন জটিল ও চাতুরীপূর্ণ পথ অনুসরণ করে। তারা খুব কমই জানে যে, ইসলাম ধর্মে তাদের জন্য একটি সহজতর পথ প্রস্তুত করাই আছে। সে পথ তাদের জন্য সর্বোত্তম ইহজীবন ও পরকাল বয়ে আন্বে।

"কিন্তু তোমাদেরকে যে উপদেশ দেয়া হয়েছিল যদি তারা তা (অনুসারে কাজ) করত তবে অবশ্যই তা তাদের জন্য ভালো হতো এবং (চিত্তের) স্থিরতার জন্য তা দৃঢ়তর হতো।" (৪-সূরা আন নিসাঃ আয়াত-৬৬)

৩. এ পৃথিবীতে অনেক লোক আছে যারা মনে করে যে, তারা ভালো কাজ করছে। কিন্তু আসলে তারা ইহজীবনে ও পরকালে ক্ষতিগ্রস্ত হচ্ছে। শুধুমাত্র এ কারণে যে, তারা সত্য ধর্মকে পৃষ্ঠপ্রদর্শন করছে।

"আর সত্য সত্যই এবং ন্যায়সঙ্গতভাবেই তোমার প্রভুর বাণী পূর্ণ হয়েছে।" (৬-সূরা আল আন'আমঃ আয়াত-১১৫)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7720

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন